গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ – জুন ৩০, ২০২০

# সূচিপত্র


কার্যক্রম বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১: কার্যক্রম বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

# কার্যক্রম বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the Programming Division)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

### সাম্প্রতিক অর্জন (বিগত ৩ (তিন) বছরের অর্জন):

সরকারের দীর্ঘ মেয়াদী ও মধ্যমেয়াদী পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করা, জীবন যাত্রার মান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে সরকারি বিনিয়োগের অন্যতম হাতিয়ার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন করা হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন ও খাতভিত্তিক অগ্রাধিকার বিবেচনাপূর্বক সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবভিত্তিতে প্রকল্প সংখ্যা নির্ধারণ করা হয়েছে। বেসরকারি উদ্যোগে এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে গৃহীত সম্ভাব্য গৃহীতব্য প্রকল্পের সহায়ক প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বরাদ্দ প্রদান করা হচ্ছে। মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ব্যয় সীমার সাথে এডিপি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সামঞ্জস্য রাখা হয়েছে। এডিপিতে ''বিশেষ প্রয়োজন উন্নয়ন সহায়তা'' শীর্ষক খাতে অর্থের সংস্থান করা হয়েছে। নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের 'থোক' হতে প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্ভব না হলে উক্ত খাত থেকে অর্থ বরাদ্দ দেয়ার ব্যবস্থা করা হয়েছে। সর্বোপরি উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ ক্রমান্বয়ে বৃদ্ধির সাথে সাথে দক্ষতার সাথে অগ্রাধিকার নির্ধারণপূর্বক খাতভিত্তিক বরাদ্দ প্রদান ও এডিপি প্রণয়ন করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জ:

অসম্পূর্ণ Development Project Proposal (DPP) এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নির্ধারিত সময়সীমা অতিক্রম (Time overrun), ক্ষেত্রবিশেষে প্রকল্প ব্যয় বৃদ্ধি (Cost overrun), Retational Database প্রতিষ্ঠা এবং এডিপি'র আকারে উর্ধ্বগামী বৃদ্ধি বিবেচনায় কর্মদক্ষতার সাথে সাথে আইটি জ্ঞান সম্পন্ন প্রয়োজনীয় জনবল ও অফিস ইক্যুইপমেন্টসহ আনুষঙ্গিক Logistic Support বৃদ্ধি।

### ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারি উন্নয়ন ব্যয় ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে খাত ভিত্তিক দীর্ঘ মেয়াদী কৌশল নির্ধারণ, উন্নয়ননীতি এবং সম্পদের বরাদ্দ ও ব্যবহারে সামঞ্জস্য বিধান। উন্নয়ন অধিকতর কার্যকর করার লক্ষ্যে প্রকল্প মূল্যায়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি গতিশীল এবং ব্যবহার উপযোগী করার জন্য ম্যানুয়াল প্রণয়ন।

### ২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্ত প্রকাশনা ২০/০৩/২০২০ (সম্ভাব্য সম্পাদিত তারিখ);
- বার্ষিক উন্নয়ন কর্মসূচির চূড়ান্তকরণ ১৬/০৫/২০১৯ তারিখে সম্পাদিত হয়েছে; এবং
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি পর্যালোচনা;

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের ....জুন........ মাসের ২৬...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

# কার্যক্রম বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. খাত ভিত্তিক অগ্রাধিকার ও কর্মকৌশল নির্ধারণপূর্বক উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ
২. উন্নয়ন বরাদ্দ ব্যবস্থাপনা
৩. উন্নয়ন প্রকল্প মূল্যায়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ

### ১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৫ কার্যাবলি (Functions):

১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন;
২. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন;
৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন প্রকল্প নির্বাচন ও প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণ;
৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ এবং খাতওয়ারী সম্পদ বন্টন;
৫. প্রয়োজনীয় ক্ষেত্রে এডিপি বরাদ্দ হতে অর্থ অবমুক্তিতে সম্মতি প্রদান;
৬. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন পর্যালোচনা;
৭. নতুন অনুমোদিত প্রকল্পের বরাদ্দ ও চলতি প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় অতিরিক্ত বরাদ্দ প্রদান;
৮. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/ব্যয়খাত সংশোধন;
৯. "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" থোক থেকে অর্থ বরাদ্দ;
১০. স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠান সমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান;
১১. পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় যোগদান ও মতামত/পরামর্শ প্রদান;
১২. বিভিন্ন মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভায় যোগদান;
১৩. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের Budget Management Committee (BMC) ও Budget Working Group (BWG) সভায় যোগদান;
১৪. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় মতামত প্রদান ও যোগদান;
১৫. আরএডিপি বরাদ্দের সর্ব্বোচ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে আরএডিপি বরাদ্দ পুনর্বিন্যাস; এবং
১৬. উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে অংশগ্রহণ।

## সেকশন ২

# কার্যক্রম বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি --- জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ। | অনুমোদিত প্রকল্প | সংখ্যা | ১৪৫১ | ১৪৫০ | ১৫০০ | ১৫১০ | সমগ্র বাংলাদেশের প্রায় ২০০টি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ কর্পোরেশন/কর্তৃপক্ষ/বোর্ড/ ফাউন্ডেশন/সংস্থা/কোম্পানী/ সিটি কর্পোরেশন/ব্যুরো/ট্রাষ্ট/ বিশ্ববিদ্যালয়/একাডেমী/ কাউন্সিল | কার্যক্রম বিভাগ. পরিকল্পনা কমিশন বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ |
| | অননুমোদিত (বিনিয়োগ+বৈদেশিক) প্রকল্প | সংখ্যা | ১৬৬১ | ১৫৬৫ | ১৬৫০ | ১৬৫৫ | | |
| | সম্ভাব্য সমাপ্য প্রকল্প | সংখ্যা | ৪৪৬ | ৪০০ | ৪৫০ | ৪৬২ | | |
| সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি -- জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ। | অনুমোদিত প্রকল্প | সংখ্যা | ১৯১৬ | ১৮০০ | ১৮৫০ | ১৮৬২ | সমগ্র বাংলাদেশের প্রায় ২০০টি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ কর্পোরেশন/কর্তৃপক্ষ/বোর্ড/ ফাউন্ডেশন/সংস্থা/কোম্পানী/ সিটি কর্পোরেশন/ব্যুরো/ট্রাষ্ট/ বিশ্ববিদ্যালয়/একাডেমী/ কাউন্সিল | কার্যক্রম বিভাগ. পরিকল্পনা কমিশন সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, |
| | অননুমোদিত (বিনিয়োগ+বৈদেশিক) প্রকল্প | সংখ্যা | ১২৪১ | ১৩০০ | ১৪০০ | ১৪২২ | | |
| | সম্ভাব্য সমাপ্য প্রকল্প | সংখ্যা | ৩৪৫ | ৩৮০ | ৪০০ | ৪২৫ | | |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্যের (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. খাত ভিত্তিক অগ্রাধিকার ও কর্মকৌশল নির্ধারণপূর্বক উন্নয়ন খাতে সরকারি বিনিয়োগ | ৫০ | ১.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও হালনাগাদকরণ | ১.১.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | তারিখ | ২০ | ০৬/০৩/২০১৮ | ১৯/০৩/২০১৯ | ২০/০৩/২০২০ | ২৫/০৩/২০২০ | ০৫/০৪/২০২০ | - | - | ২০/০৩/২০২১ | ২০/০৩/২০২২ |
| | | ১.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রণয়ন | ১.২.১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত | তারিখ | ২০ | ১৪/০৫/২০১৭ | ১০/০৫/২০১৮ | ১৬/০৫/২০১৯ | ২০/০৫/২০১৯ | ২৫/০৫/২০১৯ | - | - | ১১/০৫/২০২০ | ১০/০৫/২০২১ |
| | | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা। | ১.৩.১. অনুষ্ঠিত সভা। | সংখ্যা | ৫ | ০৩ | ০৩ | ০৩ | ০২ | ০১ | - | - | ০৩ | ০৩ |
| | | | ১.৩.২. সভায় সিদ্ধান্ত বাস্তবায়িত | হার | ৫ | ১০০% | ১০০% | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| ২. উন্নয়ন বরাদ্দ ব্যবস্থাপনা | ২০ | ২.১. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুন: উপযোজন ও ব্যয়খাত সংযোজন। | ২.১.১. প্রকল্পের ব্যয় খাত সংশোধন | হার | ৩ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | ২.১.২. পুনঃ উপযোজন | হার | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্যের (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ২.২. আরএডিপিতে বরাদ্দের পুনর্বিন্যাস | ২.২.১. প্রকল্প | সংখ্যা | ৫ | ৯৬% | ৯৭% | ৯৫% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ১০০% | ১০০% |
| | | ২.৩. “বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা” থোক, স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠান সমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান | ২.৩.১. বরাদ্দ প্রদানের শতকরা হার | % | ৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | ২.৪. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের (BMC) ও (BWG) এবং MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় যোগদান ও মতামত প্রদান। | ২.৪.১. সভায় যোগদানে শতকরা হার | % | ৩ | ৯৭% | ৯৮% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ৯৮% | ১০০% |
| | | ২.৫. ইউএন ঘোষিত বিভিন্ন এসডিজি'র আওতায় ১১টি টার্গেট বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালনের জন্য কার্যক্রম বিভাগে সচেতনামূলক সভা অনুষ্ঠান | ২.৫.১. সভার অনুষ্ঠান | সংখ্যা | ২ | - | ১ | ২টি | ১টি | | | | ১ | ২ |

| কৌশলগত উদ্দেশ্যের (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ Target /Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩. উন্নয়ন প্রকল্প মূল্যায়নে সহায়তা প্রদান ও পরিবীক্ষণ | ৫ | ৩.১. বিভিন্ন মন্ত্রণালয়ের পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত সভায়, প্রকল্প, বাস্তবায়ন কমিটি এবং এডিপি পর্যালোচনা সভায় যোগদান; | ৩.১.১. সভায় যোগদান | সংখ্যা | ৩ | ৭৫০ | ৮৪০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ৯৫০ | ৯০০ |
| | | ৩.২. উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন | ৩.২.১. প্রকল্প পরিদর্শন | সংখ্যা | ২ | ৫০ | ৫২ | ৫০ এর অধিক | ৪৫ এর অধিক | ৪০ এর অধিক | ৩৫এর অধিক | ৩০ এর অধিক | ৫৫ | ৫৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন * ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবানয়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [১.৮] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৮.১] ] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/ বিভাগের সকল তথ্য হালনাগাদকৃত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যলোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] ] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |
| | | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] ] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

আমি, সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন এর প্রধান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনের সদস্য এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

................................................ ____________________

সদস্য তারিখ

কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

................................................ ____________________

সচিব তারিখ

পরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগ

সংযোজনী-১

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ২ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভালুয়েশন কমিটি |
| ৩ | জিডিপি | গ্রোস ডোমেস্টিক প্রডাক্ট |
| ৪ | এমডিজি | মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোলস |
| ৫ | পিইসি | প্রজেক্ট ইভালুয়েশন কমিটি |
| ৬ | পিএসসি | প্রজেক্ট স্টিয়ারিং কমিটি |
| ৭ | এসপিইসি | স্পেশাল প্রজেক্ট ইভালুয়েশন কমিটি |
| ৮ | একনেক | এক্সিকিউটিভ কমিটি অব দি ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ৯ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ১০ | আরএডিপি | রিভাইজড এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ১১ | বিএমসি | বাজেট ম্যানেজমেন্ট কমিটি |
| ১২ | বিডব্লিওজি | বাজেট ওয়ার্কিং গ্রুপ |
| ১৩ | জেডিসিএফ | জাপান ডেভিট ক্যানসেলেশন ফান্ড |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন ও হালনাগাদকরণ | ১.১.১. প্রকাশিত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশিকা (১ম ও ২য় কল নোটিশ) জারি। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির বিষয় বিবেচনার জন্য আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভা আহবান (বিনিয়োগ+বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে তালিকা চূড়ান্তকরণ), এবং সম্ভাব্য সমাপ্য প্রকল্পের তালিকা সন্নিবেশকরণ। প্রকল্পের চাহিদা এবং সম্পদের সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি ২০১৮-১৯ প্রণয়ন ও প্রকাশ। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | আরএডিপি বই। | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |
| ১.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন | ১.২.১. প্রকাশিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশিকা (১ম ও ২য় কল নোটিশ) জারি। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির বিষয় বিবেচনার জন্য আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভা আহবান (বিনিয়োগ+বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে তালিকা চূড়ান্তকরণ), এবং সম্ভাব্য সমাপ্য প্রকল্পের তালিকা সন্নিবেশকরণ। প্রকল্পের আবশ্যকতা এবং সম্পদের সীমাবদ্ধতার উপর ভিত্তি করে চূড়ান্ত এডিপি ২০১৯-২০ প্রণয়ন ও প্রকাশ | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | এডিপি বই। | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |
| ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন পর্যালোচনা | ১.৩.১. অনুষ্ঠিত সভা | জাতীয় উন্নয়ন পরিকল্পনা তথা এডিপিভুক্ত প্রকল্পের সুষ্ঠু ও যথাযথ বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জিত হবে কি না তা পর্যালোচনার জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে সভা অনুষ্ঠান করা হয়। সভায় Low Performing মন্ত্রণালয়/বিভাগকে অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে বাস্তবায়ন অগ্রগতি ও প্রকল্প ভিত্তিক বরাদ্দ সমন্বয়ের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। অন্যদিকে High Performing | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | অনুষ্ঠিত সভার সংখ্যা | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | মন্ত্রণালয়/বিভাগের চাহিদা অনুযায়ী বরাদ্দের বিষয়টি বিবেচনা করা হয়। | | | |
| | ১.৩.২. অনুষ্ঠিত সভা | মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর পর্যালোচনা সভায় যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় সেগুলোর বাস্তবায়ন। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |
| ১.৪. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুন: উপযোজন ও ব্যয়খাত সংযোজন। | ১.৪.১. প্রাপ্ত প্রস্তাবে শতকরা হার | প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে এক প্রকল্পের বরাদ্দ পুনঃউপযোজনের মাধ্যমে অন্য প্রকল্পে স্থানান্তর করা হয়। তাছাড়া অনেক সময় একই প্রকল্পের মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে ব্যয়খাত পরিবর্তনের মাধ্যমে সিডিভ্যাট ইত্যাদি খাতের বরাদ্দ সংশোধন/পুনঃনির্ধারণ করা হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | এডিপি বই | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |
| ১.৫. আরএডিপিতে বরাদ্দের পুনর্বিন্যাস | ১.৫.১. প্রাপ্ত প্রস্তাবে শতকরা হার | মন্ত্রণালয়/বিভাগে/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগের সুপারিশের ভিত্তিতে আরএডিপি'র বরাদ্দের পুনর্বিন্যাস করা হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | আরএডিপি বই | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |
| ১.৬. "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" থোক, স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠান সমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান | ১.৬.১. বরাদ্দ প্রদানের শতকরা হার | স্থানীয় সরকার বিভাগের অনুকূলে ৫টি উন্নয়ন সহায়তা খাতে (ইউনিয়ন পরিষদের উন্নয়ন সহায়তা, উপজেলা উন্নয়ন সহায়তা, জেলা পরিষদ বাবদ উন্নয়ন সহায়তা, পৌরসভা উন্নয়ন সহায়তা এবং সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা) এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ৩টি উন্নয়ন সহায়তা খাতে (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা, পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা) এ সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমুহের উন্নয়নের জন্য স্থানীয় মুদ্রায় বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুকূলে 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' খাতে এবং ''বিশেষ | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | এডিপি বই | কার্যক্রম বিভাগ বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | প্রয়োজনে উন্নয়ন সহায়তা'' খাতে অর্থ বরাদ্দ করা হয়। | | | |
| ১.৭. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের (BMC) ও (BWG) এবং MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় যোগদান ও মতামত প্রদান। | ১.৭.১. সভায় যোগদানের শতকরা হার | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের Budget Monitoring Committee (BMC) ও Budget Working Group (BWG) এবং অর্থ বিভাগে MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় কার্যক্রম বিভাগ অন্যতম সদস্য হিসেবে অন্তর্ভূক্ত থাকায় এ সকল সভায় যোগদান ও মতামত প্রদান করতে হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী। | |
| ১.৮. বিভিন্ন মন্ত্রণালয়ের পিইসি. ডিপিইসি,এসপিইসি, ডিএসপিইসি,প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং এডিপি পর্যালোচনা সভায় যোগদান; | ১.৮.১. সভায় যোগদান সংখ্যা | পরিকল্পনা কমিশনে উন্নয়ন প্রকল্প মূল্যায়নের ও অনুমোদনের জন্য গঠিত Project evaluation committee (PEC), Special project evaluation committee (SPEC), মন্ত্রণালয়ে প্রকল্প সংশোধনের জন্য গঠিত (DPEC), কমিটিসমূহে কার্যক্রম বিভাগ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত আছে। এছাড়া প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সুষ্ঠু হওয়ার লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় গঠিত স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটিতে কার্যক্রম বিভাগ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয় এবং মন্ত্রণালয়/বিভাগে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় কার্যক্রম বিভাগের প্রতিনিধি অংশগ্রহণ করে। এ সকল কমিটির সভায় অংশগ্রহণ যথাসম্ভব নিশ্চিত করা হয়। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী। | |
| ১.৯. উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন | ১.৯.১. প্রকল্প পরিদর্শন সংখ্যা | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সুষ্ঠু হওয়ার লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় গঠিত স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটিতে আন্তমন্ত্রণালয় মধ্যবর্তী মূল্যায়ন কমিটিতে কার্যক্রম বিভাগকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলে উক্ত পরিদর্শন কমিটির সদস্য হিসেবে কার্যক্রম বিভাগের প্রতিনিধি অংশগ্রহণ করে। | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সংশ্লিষ্ট পরিদর্শন প্রতিবেদন। | |

## **সংযোজনী ৩:** অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ডিপিপি/আরডিপিপি ছক/প্রস্তাব সংশ্লিষ্ট বাস্তবায়নকারী (সংস্থাসমূহ) হতে প্রাপ্তির পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করে। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ বরাদ্দ নির্ধারণপূর্বক তা কার্যক্রম বিভাগকে অবহিত করে | এডিপির মোট আকার নির্ধারণের পর কার্যক্রম বিভাগ অর্থনৈতিক খাতভিত্তিক অগ্রাধিকার চলমান প্রকল্পসমূহের চাহিদা এবং প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিবেচনা করতঃ অর্থনৈতিক খাত/উপখাতভিত্তিক বরাদ্দ বিভাজন করে তা পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে। পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক খাত/ উপখাতভিত্তিক বরাদ্দ বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্টদের সাথে আলোচানা, যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরিক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করতঃ প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাব কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | চূড়ান্তভাবে মুদ্রিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত/সংগ্রহ। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত/সংগ্রহ। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ছক (ছক সমূহ) নির্ধারিত তারিখের মধ্যে সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ, এবং মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণ এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে তথ্যবলী প্রেরণের নির্ধারিত সময়সূচি যথাযথভাবে অনুসরণ করতে হবে। কার্যক্রম বিভাগ বিজি প্রেস হতে প্রাপ্ত চূড়ান্তভাবে মুদ্রিত এডিপি/আরএডিপি জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য জাতীয় সংসদে প্রেরণ করবে। | দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও মধ্য মেয়াদি লক্ষ্য বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন। এডিপি/আরএডিপির অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি লক্ষসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ করে অগ্রাধিকার খাতসমূহে বিশেষ করে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জন কর্মসংস্থানমুখী, মানবসম্পদ উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ সহায়ক খাতসমূহে পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের কর্মপরিকল্পনা নির্দেশিকা অনুযায়ী কল নোটিশে (১ম ও ২য়) চাহিত তথ্যাদি যথাসময়ে কার্যক্রম বিভাগে পাওয়া না গেলে এডিপি/আরএডিপি'র খসড়া এনইসিতে অনুমোদনের সুপারিশ প্রদানের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় সংশ্লিষ্ট প্রকল্পটি উপস্থাপন করা সম্ভব হবে না। |
| অর্থ বিভাগ,<br>অর্থ মন্ত্রণালয় | চাহিদা মোতাবেক সম্পদ/অর্থের বরাদ্দকরণ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এডিপি/ আরএডিপি উৎসওয়ারী অর্থায়ন (স্থানীয় বৈদেশিক) নির্ধারণপূর্বক তা পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করবে। | চূড়ান্তভাবে মুদ্রিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত/সংগ্রহ। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত/সংগ্রহ। | দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়সমূহের বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং সম্পদের লভ্যতা (Resource Availability) জানা প্রয়োজন। দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্য নিশ্চিত করে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের স্বার্থে চাহিদা মোতাবেক তথ্য প্রয়োজন। | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ বার্ষিক উন্নয়ন কর্মসূচি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রকাশের জন্য অর্থ বিভাগের নিকট হতে সম্পদের লভ্যতার/প্রাপ্যতার বিষয়ে তথ্য প্রয়োজন। | দেশের আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হবে। |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,<br>অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ খাত ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য ও Japan Debt Cancellation Fund (JDCF) বরাদ্দ নির্ধারণপূর্বক তা কার্যক্রম বিভাগকে অবহিত করবে। | চূড়ান্তভাবে মুদ্রিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত/সংগ্রহ। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত/সংগ্রহ। | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য সম্পদের লভ্যতা (Resource Availability) জানা প্রয়োজন। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নিমিত্ত প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য বরাদ্দ সেক্টর ভিত্তিক (প্রকল্প ও সংস্থাভিত্তিক) | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ বার্ষিক উন্নয়ন কর্মসূচি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রকাশের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিকট হতে সম্পদের লভ্যতার প্রাপ্যতার বিষয়ে তথ্য প্রয়োজন। | দেশের আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হবে। |